# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) বিহার বিধানসভা নির্বাচনের আগে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা সংশোধনের যে প্রক্রিয়া নির্বাচন কমিশন শুরু করেছে, সেটা ঘুরপথে NRC চালুর করার চেষ্টা বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

২) রাজ্যের কলেজগুলিতে স্নাতক স্তরে ভর্তি ও স্কুল সার্ভিস কমিশন-২০১৬ সালের যে নিয়োগ প্রক্রিয়া চলছে, সেখানে OBC সংরক্ষণের বিষয়টি কিভাবে নির্ধারিত হবে, সে ব্যাপারে রাজ্য সরকারের হলফনামা চেয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) নদীয়ার কালিগঞ্জে বোমার আঘাতে নাবালিকার মৃত্যুর ঘটনায় দলকে না জানিয়ে পরিবারকে আর্থিক সহায়তা করার জন্য বিধায়ক হুমায়ুন কবীরকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে তৃণমূল কংগ্রেস।

৪) আজ রথাযাত্রা। দেশজুড়ে ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় দিনটি উদযাপিত হচ্ছে। মুখ্যমন্ত্রী রথযাত্রা নিয়ে রাজনীতি করছেন বলে বিজেপি অভিযোগ করেছে।

৫) জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ১১০ ঘন্টার বিশেষ হ্যাকাথনের আয়োজন করা হয়েছে।

৬) কলকাতা ফুটবল লিগে আজ মাঠে নামতে চলেছে ইস্টবেঙ্গল ক্লাব।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিহার বিধানসভা নির্বাচনের আগে প্রতিটি যোগ্য নাগরিকের নাম যাতে ভোটার তালিকায় থাকে, সেই বিষয়টি সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, বাড়ি বাড়ি ধরে নতুন করে ভোটার তালিকা সংশোধনের লক্ষ্যে বিশেষ কর্মসূচী হাতে নিয়েছে। এব্যাপারে নির্দেশিকা'ও জারি করা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, নতুন করে ভোটার তালিকা তৈরির বিষয়ে নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সরব হয়েছেন। কমিশনের নির্দিষ্ট গাইড লাইন ও যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কথা তুলে ধরে তিনি অভিযোগ করেন, নির্বাচন কমিশন রাজ্যের নির্বাচিত সরকার এবং রাজনৈতিক দলগুলিকে সম্পূর্ণ অন্ধকারে রেখে এই সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রের চাপেই এই উদ্যোগ নেওয়া হচ্ছে বলে তাঁর অভিযোগ।

পূর্ব মেদিনীপুরের দীঘায় গতকাল মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, দলীয় বুথ স্তরের এজেন্টদের তথ্য চেয়ে কমিশন তাঁকে চিঠি পাঠিয়েছে। এই পদক্ষেপ রাজনৈতিকভাবে উদ্বেগজনক এবং সমস্ত বিরোধী দলকে একজোট হয়ে এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। কেন্দ্রীয় সরকার এর মাধ্যমে পরোক্ষে NRC চালু করতে চাইছে কিনা, এনিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- মমতা)

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার নারকেলডাঙা থানা এলাকায় ভোট পরবর্তী হিংসায় নিহত বিজেপি কর্মী অভিজিত সরকার খুনের ঘটনায় CBI, অন্যতম অভিযুক্ত পলাতক অরুণ দে-কে গ্রেপ্তার করেছে। উত্তর ২৪ পরগণার একটি গোপন ডেরা থেকে গতকাল তাকে পাকড়াও করেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। তাকে গতকালই নগর দায়েরা আদালতে তোলা হলে চৌঠা জুলাই পর্যন্ত বিচার বিভাগীয় হেপাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, ২০২১ সালের দোসরা মে-র ওই ঘটনার দু-বছর পর পুলিশ দুজনকে গ্রেপ্তার করে।

কিন্তু অরুণ দে ওরফে ভাই-এর সন্ধান মিলছিল না। CBI, অরুণের সন্ধানে ৫০ হাজার টাকা পুরস্কার'ও ঘোষণা করেছিল।

নারকেলডাঙা থানায় এই খুনের মামলা রুজু হয়েছিল। ওই বছরই হাইকোর্ট ১৯-শে আগস্ট সিবিআই তদন্তের নির্দেশ দেয়। ২৫ শে আগষ্ট মামলার দায়িত্ব হাতে নেয় সিবিআই। ৩০-শে সেপ্টেম্বর তারা ২০ জনের বিরুদ্ধে চার্জশীট দাখিল করে।

oooooooooooooooooooo

নদীয়ার কালিগঞ্জে বিধানসভা উপ নির্বাচনের বিজয় মিছিল থেকে বোমা ছোড়ায় এক নাবালিকার মৃত্যুর ঘটনায় দলকে কিছু না জানিয়ে তার বাড়িতে গিয়ে পরিবারকে আর্থিক সহায়তা করার জন্যে পশ্চিম মেদিনীপুরের ডেবরার বিধায়ক, প্রাক্তন আই পি এস আধিকারিক হুমায়ুন কবীরকে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে। আগামী বাহাত্তর ঘণ্টার মধ্যে তাকে নোটিশের জবাব দিতে বলা হয়েছে বলে দলের সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার জানিয়েছেন।

উল্লেখ্য, গত ২৩-শে জুন এই ঘটনায় তামান্না খাতুন নামে চতুর্থ শ্রেণীর এক নাবালিকার মৃত্যু হয়।

oooooooooooooooooooo

রাজ্যের কলেজগুলিতে স্নাতকস্তরে ভর্তি ও স্কুল সার্ভিস কমিশনে-২০১৬ সালের যে নিয়োগ প্রক্রিয়া চলছে, সেখানে OBC সংরক্ষণের বিষয়টি কিভাবে নির্ধারিত হবে, সে ব্যাপারে রাজ্য সরকারের হলফনামা চেয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও রাজা শেখর মান্থার ডিভিশন বেঞ্চ আগামী শুক্রবার রাজ্যকে হলফনামা দিয়ে তাদের বক্তব্য লিখিত আকারে জানাতে নির্দেশ দিয়েছেন। এর আগে কলকাতা হাইকোর্ট-এর নির্দেশে সংখ্যালঘু তালিকা নিয়ে রাজ্য সরকারের জারি করা নতুন বিজ্ঞপ্তির ওপর স্থগিতাদেশ জারি করে। কিন্তু তা সত্বেও রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের কেন্দ্রীয় পোর্টালে কলেজে ভর্তির আবেদনে ওবিসি-এ ও ওবিসি- বি ক্যাটেগরি উল্লেখ আছে। পাশাপাশি স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের নিয়োগের আবেদনও নেওয়া হচ্ছে। এর বিরোধিতা করে আদালত অবমাননার মামলা দায়ের হয়েছিল।

ডিভিশন বেঞ্চ তাদের নির্দেশে জানিয়েছে, ২০১০ সালের আগে ঘোষিত OBC ৬৬টি সম্প্রদায়কে কিভাবে সংরক্ষণের সুবিধা দেওয়া হচ্ছে সেটা রাজ্যকে হলফনামায় স্পষ্ট করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে সরকারি কর্মী ও পেনশনভোগীদের বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার সময়সীমা শেষ হচ্ছে আজ। কিন্তু রথযাত্রা উপলক্ষ্যে আজ রাজ্য সরকার ও আধা সরকারি সব দপ্তরে ছুটি থাকায়, হিসেব মতো গতকাল'ই ছিল এই বিজ্ঞপ্তি জারির শেষ দিন। তবে, এ'পর্যন্ত কোনো বিজ্ঞপ্তি জারি না হওয়ায় রাজ্য সরকারের পরবর্তী পদক্ষেপ নিয়ে কর্মচারী মহলে সংশয় তৈরী হয়েছে।

সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ গত ১৬'ই মে, ৬ সপ্তাহের মধ্যে বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল।

এদিকে, রাজ্য সরকার প্রকাশিত ষষ্ঠ বেতন কমিশনের রিপোর্টে বলা হয়েছে, সরকার নিজের তহবিলের সামর্থ অনুযায়ী ডিএ দিতে পারে। কেন্দ্রীয় সরকারের পে-কমিশন মেনে ডিএ দেওয়ার প্রয়োজন নেই।

সম্প্রতি সুপ্রিম কোর্ট রাজ্যকে বকেয়া ডিএ-র একাংশ মেটানোর নির্দেশ দিয়েছে। তবে, যে পরিমাণ বকেয়া ডিএ রয়েছে, তার সঙ্গে ষষ্ঠ বেতন কমিশনের রিপোর্টের কোন যোগ নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র 1975 সালের 25 জুন জরুরী অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষে আগামী ৩০ শে জুন পর্যন্ত বিশেষ কর্মসূচি নিয়েছে সরকার।

বিষয়টি নিয়ে আকাশবাণী কলকাতা সংবাদ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের মতামত নিয়েছে।

বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকার সংবিধান হত্যা দিবসকে সমর্থন করে বলেন, ১৯৭৫এ জরুরি অবস্থার সময়ে যেভাবে বাক্ স্বাধীনতা কেড়ে নেওয়া হয়েছিল স্বাধীন ভারতে ক্ষমতায় থেকে কোন রাজনৈতিক দল এই কাজ করেনি।

(বাইট - দেবজিৎ সরকার)

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ রথযাত্রা। চিরাচরিত উৎসাহ ও উদ্দীপনায় দিনটি পালিত হচ্ছে। ওড়িশার পুরীতে এই রথযাত্রাকে ঘিরে সাজো সাজো রব। জগন্নাথ মন্দির থেকে রথযাত্রার আচার অনুষ্ঠান আজ সকাল সাড়ে ৯ টায় শুরু হবে। বিকেল 4-টেয় রথের রশি টানার অনুষ্ঠানের সূচনা হবে। পুরীর গ্র্যান্ড ট্রাঙ্ক রোড ধরে এই যাত্রা এগোবে।

এ রাজ্যেও বিভিন্ন জায়গায় এই উপলক্ষ্যে প্রস্তুতি তুঙ্গে।

রাজ্য সরকারের মূল অনুষ্ঠানটি হবে দীঘায়। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

হুগলী জেলার শ্রীরামপুরের মাহেশের ঐতিহ্যবাহী রথযাত্রা এ-বছর ৬২৯তম বর্ষে পদার্পণ করেছে। পুরীর পরেই দেশের দ্বিতীয় এবং রাজ্যের প্রথম রথযাত্রা উৎসবের সূচনা হয় মাহেশে। এই বছরেই মন্দিরে পুরীর আদলে সিদ্ধযোগে নীলচক্র স্থাপনা এবং ধ্বজা উত্তোলন করা হয়েছে। ১৩৯৬ বঙ্গাব্দে শুরু হওয়া এই ঐতিহ্যবাহী উৎসব দেখে শ্রীচৈতন্য মহাপ্রভু একে ‘নব নীলাচল’ নামে অভিহিত করেছিলেন বলে মনে করা হয়। আজও দেশের বিভিন্ন প্রান্ত থেকে রথযাত্রা উপলক্ষ্যে প্রভুর টানে ছুটে এসেছেন অগণিত ভক্ত।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – রক্তিম)

অন্যদিকে, প্রায় তিনশো বছরের প্রাচীন হুগলীর গুপ্তিপাড়ার ‘বৃন্দাবন জিউ’র রথযাত্রা, আড়াইশো বছরেরও বেশি পুরনো পূর্ব মেদিনীপুরের মহিষাদলের ‘মদনগোপাল জিউ’র রথযাত্রাকে ঘিরে অগণিত ভক্ত সমাগম হয়েছে।

কলকাতায় ইস্কনের রথযাত্রা উপলক্ষ্যে পুজার্চনার পাশাপাশি নেওয়া হয়েছে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা। দুপুর ১:০০ টায় কলকাতার এলবার্ট রোডের ইসকন মন্দির থেকে রথযাত্রা র সূচনা হবে। দক্ষিণ কলকাতার বিভিন্ন পথ পরিক্রমা করে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অস্থায়ী মাসির বাড়িতে পৌঁছবে।

নদীয়ার মায়াপুরে ইসকনের রাজাপুর জগন্নাথ মন্দির থেকে দুপুর দুটোয় রথের রশিতে টান পড়বে। রাজাপুর থেকে তিনটি সুসজ্জিত রথ আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রধান কার্যালয় মায়াপুরে অস্থায়ী গুন্ডিচা মন্দির এর উদ্দেশ্যে যাত্রা করবে ।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অনুপম)

উত্তর কলকাতার বাগবাজার বলরাম মন্দিরে অন্যান্য বারের মতো এবারও ধর্মীয় ভাবধারায় পালিত হবে রথযাত্রা উৎসব। ঠাকুর শ্রীরামকৃষ্ণ দেব বলরাম মন্দিরের রথযাত্রায় গিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী রথযাত্রা নিয়ে রাজনীতি করছেন বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন,মুখ্যমন্ত্রী দীঘা নিয়ে রাজনীতি এবং মানুষকে হালাল প্রসাদ বিতরণ করছেন। তিনি বলেন,দীঘায় মন্দির নির্মাণ করা হয়েছে।

অন্যদিকে মুর্শিদাবাদে যে মন্দিরগুলি ভাঙ্গা হয়েছে এবং মহেশতলায় তুলসী মঞ্চ উপড়ে ফেলা হয়েছে তার কি হবে রাজ্য সভাপতি সে বিষয়েও প্রশ্ন তোলেন।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন হিন্দুদের বিভ্রান্ত ও হিন্দু ভোট বিভাজন করতে মুখ্যমন্ত্রী দীঘায় মন্দির নির্মাণ করে রথযাত্রা করছেন। বিশেষ সম্প্রদায়ের ভোটের পরেও সরকার গড়ে তোলার জন্য হিন্দুদের যে ভোট মুখ্যমন্ত্রীর প্রয়োজন তার জন্য মুখ্যমন্ত্রী এই পদক্ষেপ নিয়েছেন। বিরোধী দলনেতা পুরীধামের এবং হিন্দু রীতিনীতি মেনে সর্বত্র রথযাত্রা পালনের জন্য সবাইকে আবেদন জানিয়েছেন।

ooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বেলডাঙার ভারত সেবাশ্রম সংঘের প্রধান পরিচালক স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজের বিরুদ্ধে চাকরির প্রলোভন দেখিয়ে এক মহিলাকে ধর্ষণের অভিযোগ উঠেছে। মুর্শিদাবাদের পুলিশ সুপার কুমার সানি রাজ বলেন, নবগ্রাম থানায় মহিলার অভিযোগের ভিত্তিতে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত কার্ত্তিক মহারাজের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। মহিলা অভিযোগ করেন, ২০১২ সালের ডিসেম্বর মাসে ওই মহিলাকে নবগ্রামের চাণকে ভারত সেবাশ্রম সংঘ পরিচালিত এক আবাসিক আদিবাসী স্কুলে শিক্ষিকার চাকরি দেবার প্রতিশ্রুতি দিয়ে তাঁর সঙ্গে সম্পর্ক স্থাপন করেন কার্তিক মহারাজ। পরে বহরমপুরে এক নার্সিং হোমে তাঁর গর্ভপাতও করান তিনি। এই প্রসঙ্গে কার্তিক মহারাজ কোনও মন্তব্য করতে চাননি, তবে এই অভিযোগ সম্পূর্ণ পরিকল্পিত ও উদ্দেশ্যপ্রণোদিত বলে ব্যাখা করেছেন তাঁর ঘনিষ্ঠ মহল।

ooooooooooooooooooooooo

জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ১১০ ঘন্টার বিশেষ হ্যাকাথনের আয়োজন করা হয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে সংস্থার অধিকর্তা ধৃতি ব্যানার্জি জানিয়েছেন,জীব বৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তন এর উপর এই হ্যাকাথনে মোট ২০৫টি দল নথিভুক্ত হয়েছিল। জেডএসআই এর প্রতিটি ১৬টি আঞ্চলিক কেন্দ্রে প্রাথমিক পর্ব অনুষ্ঠিত হয়। নথিভুক্ত দলগুলি প্রযুক্তি ও নীতি নির্ধারণ সংক্রান্ত অভিনব ভাবনা সম্বলিত প্রেজেন্টেশন তুলে ধরে। প্রতিটি কেন্দ্রে প্রথম হওয়া দলগুলিকে নিয়ে চলতি

মাসে পুনায় জাতীয় পর্যায়ের সেমিফাইনাল আয়োজিত হয়। সেখানে নির্বাচিত সেরা ৫টি দলকে নিয়ে কলকাতায় আগামী ৩০তারিখ ফাইনালের আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

এছাড়াও এবারের প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় মন্ত্রী পয়লা জুলাই থেকে ৩রা জুলাই পর্যন্ত অ্যানিম্যাল ট্যাক্সোনমি সামিট,জেড এসআই এর উল্লেখযোগ্য কয়েকটি প্রকাশনার উদ্বোধন করবেন। দেশে সব ধরনের প্রাণী নিয়ে চেক লিস্ট অফ ফনা অফ ইন্ডিয়া নামের তালিকার দ্বিতীয় পর্বও প্রকাশিত হবে।

পাশাপাশি হিমালয় অঞ্চলে খাদ্য হিসেবে পরিচিত প্রাণীর উপর বিস্তারিত গবেষণার জন্য ভারতীয় সেনা বাহিনীর কাউন্টার এনসার্জেন্সি অ্যান্ড জঙ্গল ওয়ারফেয়ার স্কুলের সঙ্গে ও পরিবেশগত গবেষণার জন্য ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার ন্যাচারাল রিসোর্স এর সঙ্গে মৌ চুক্তি স্বাক্ষরিত হবে।

oooooooooooooooooooooo

কলকাতা ফুটবল লিগে আজ মাঠে নামতে চলেছে ইস্টবেঙ্গল ক্লাব। বিকেল ৩ টের সময় গ্রুপ এর ম্যাচে মেসারাস ক্লাবের মুখোমুখি হবে ইস্টবেঙ্গল।

এছাড়া পুলিশ এসি কালীঘাট স্পোর্টস লাভার্স এর বিরুদ্ধে খেলবে। এই গ্রুপের আরেক ম্যাচে পাঠচক্র রেলওয়ে এফসি র সাথে খেলবে। জর্জ টেলিগ্রাফ ক্যালকাটা কাস্টমসের বিরুদ্ধে নামবে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo